



NATIONAL  
**CERVICAL SCREENING**  
PROGRAM


A joint Australian, State and Territory Government Program

# সার্ভিকাল স্ক্রীনিং পরীক্ষা- আপনার পছন্দ ব্যাখ্যা করা হয়েছে

প্রতি 5 বছরে একবার সার্ভিকাল স্ক্রীনিং পরীক্ষা (Servical Screen) করা আপনাকে নিজের এবং আপনার পরিবার উভয়ের জন্য সুস্থ থাকতে সহায়তা করবে



1. সার্ভিকাল স্ক্রীনিং (Cervical screening) সার্ভিকাল ক্যান্সার থেকে নিজেকে রক্ষা করার অন্যতম সেরা উপায় - যাতে আপনি নিজের এবং আপনার পরিবারের জন্য সুস্থ থাকতে পারেন।



2. সার্ভিকাল ক্যান্সারের জন্য দায়ী HPV নামক ভাইরাস প্রতি 5 বছরে একবার পরীক্ষা করা হয়ে থাকে এবং এটি একটি দ্রুত পরীক্ষা।




3. আপনি যদি 25-74 বছর বয়সী কোনও মহিলা বা সার্ভিক্স আছে এমন কেউ হন তবে আপনার সার্ভিকাল স্ক্রীনিং পরীক্ষা করার বিষয়ে আপনার ডাক্তার বা নার্সের সাথে কথা বলা উচিত।



4. আপনার সার্ভিকাল স্ক্রীনিং পরীক্ষা কিভাবে করা হবে সে বিষয়ে আপনার নিজের একটি পছন্দ বেছে নিতে পারেন। 2টি পছন্দের মধ্য থেকে যেটি আপনার জন্য সুবিধাজনক তা আপনি বেছে নিতে পারেন।



5. আপনার ডাক্তার বা নার্স আপনার জন্য পরীক্ষা করতে পারেন। একটি ব্যক্তিগত জায়গায়, আপনাকে কোমরের নীচে থেকে আপনার জামাকাপড় সরিয়ে একটি চাদরের নীচে গুয়ে থাকতে বলা হবে।



6. ডাক্তার বা নার্স আপনার সার্ভিক্স থেকে একটি নমুনা নেবেন। এটি কিছুটা অস্বস্তিকর হতে পারে তবে ব্যথা করবে না। এটি মাত্র কয়েক মিনিট সময় লাগবে।



7. অথবা আপনি নিজেই নমুনা সংগ্রহ করতে পারেন। আপনার ডাক্তার বা নার্স কিভাবে আপনার নিজের নমুনা নিতে হবে তা বুঝিয়ে দেবেন এবং আপনাকে একটি ব্যক্তিগত স্থান দেবেন। আপনার নিজের নমুনা সংগ্রহ করতে সাহায্য করবে এই রকম আরেকটি গাইড আপনার ডাক্তার বা নার্সকে দেখাতে বলুন।



8. উভয় বিকল্পই সার্ভিকাল স্ক্রীনিং পরীক্ষা করার নিরাপদ উপায়। মনে রাখবেন, আপনি চাইলে একজন মহিলা ডাক্তার বা নার্সের জন্য বলতে পারেন।

আপনার ডাক্তার বা নার্সের সাথে কথা বলার জন্য একটি অ্যাপয়েন্টমেন্ট বুক করুন। আপনি আরও যা করতে পারেন:

- সার্ভিকাল স্ক্রীনিং সম্পর্কে আরও তথ্যের জন্য [health.gov.au/NCSP-multicultural](http://health.gov.au/NCSP-multicultural) দেখুন
- 1800 627 701 নম্বরে কল করুন
- আপনার ভাষায় সহায়তা পেতে 13 14 50 নম্বরে অনুবাদ এবং দোভাষী সার্ভিস (টিআইএস ন্যাশনাল) কে কল করুন।